গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মেলান্দহ, জামালপুর।
www.melandah.gov.bd

নং ০৫.৩৯.৩৯৬১.৯৯.০০১২.২০২২-১০৬৭ তারিখ : ২৮/১১/২০২৩ খ্রি.

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ০৬ মে ২০১৫ তারিখের প্রজ্ঞাপন (এস.আর.ও নং ৮৯ আইন/২০১৫ এবং ০৩ জুলাই ২০১৭ খ্রি. তারিখের প্রজ্ঞাপন (এস.আর.ও নং-২৩২-আইন/২০১৭) মোতাবেক জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের সংশ্লিষ্ট ওয়ার্ডে গ্রাম পুলিশ (মহল্লাদার) পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

বেতনক্রম	ক্র:	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা (মহল্লাদার)	শূন্য ওয়ার্ড নং (মহল্লাদার)	প্রয়োজনীয় যোগ্যতা
মহল্লাদার: ৬,৫০০/- টাকা (সরকারি অংশ ৩,২৫০/- ও ইউপি অংশ ৩,২৫০/-)	০১	কুলিয়া	০১	০৪	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। •পুরুষ প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা- (অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; (আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি; •মহিলা প্রার্থীর ক্ষেত্রে শারীরিক যোগ্যতা- (অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (আ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
	০২	মাহমুদপুর	০১	০৫	
	০৩	আদ্রা	০১	০৪	
	০৪	ঘোষেরপাড়া	০১	০২	
	০৫	ঝাউগড়া	০১	০৬	
	০৬	শ্যামপুর	০১	০২	

শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক, সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা এবং প্রার্থীকে শারীরিক, মানসিক ত্রুটিমুক্ত এবং স্বাস্থ্যবান হতে হবে।

০২। সাধারণ প্রার্থীর ক্ষেত্রে ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ধর্ম, জন্ম তারিখ, বয়স (২৬-১২-২০২৩ তারিখ অনুযায়ী), অভিজ্ঞতা (যদি থাকে),কোটা/পোষ্য সংক্রান্ত (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক লিখিত আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর বরাবর আগামী ২৬-১২-২০২৩ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে (অফিস চলাকালীন সময়ে) সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি, অনলাইনে নিবন্ধিত জন্ম সনদপত্র, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতা (যদি থাকে) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৫। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৬। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৭। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের বয়স একই হতে হবে। এ বিষয়ে কোন তথ্য গোপন করলে এবং তা প্রমাণিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। চাকুরিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং আবেদনের অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৯। প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিট যুক্ত ৪.৫/১০ ইঞ্চ সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর মোটা অক্ষরে পদের নাম, কোটার নাম (যদি থাকে),ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে এবং পার্শ্ববর্তী ওয়ার্ড হতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে ইউনিয়নের যে কোন ওয়ার্ড হতে লোক নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যাবে।

১২। মহল্লাদার পদে জনবল নিয়োগ করার ক্ষেত্রে এ বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১৩। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক সঠিকভাবে প্রাপ্ত আবেদনকারীকে পরীক্ষায় অংশগ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি সম্পর্কে যথাসময়ে অবগত করা হবে।

১৪। প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার ডাক্তারী সনদ এবং পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র প্রদান করা হবে।

১৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৭। আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশে পরিবর্তন, সংশোধন ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগপত্র প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না। কোন ধরণের সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

২৮/১১/২৩

(মো: সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর।
মোবাইল:০১৭০৯-৯৭০১৭০
ই-মেইল: unomelandah@gmail.com

CamScanner

নং-০৫.৩৯.৩৯৬১.৯৯.০০২২.২০২২-১০৬৭ তারিখ ২৮/১১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। জেলা প্রশাসক, জামালপুর।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ, জামালপুর।
০৪। .... মেলান্দহ, জামালপুর।
০৫। অফিসার ইনচার্জ, মেলান্দহ থানা, জামালপুর।
০৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেলান্দহ, জামালপুর (তাকে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ)।
০৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর।

CamScanner